

Official Spokesperson's response to media queries regarding reports of a second bridge being constructed across Pangong Lake by China

May 20, 2022

প্যাংগং হ্রদের উপর দিয়ে চিনের নির্মীয়মান দ্বিতীয় সেতুর প্রতিবেদনের উপরে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

মে 20, 2022

প্যাংগং হ্রদের উপর দিয়ে চিনের নির্মীয়মান দ্বিতীয় সেতুর প্রতিবেদনের উপরে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচী বলেন:

"প্যাংগং হ্রদের উপরে চিনের তৈরি করা প্রথম সেতুর পাশ বরাবর দ্বিতীয় সেতু নির্মাণের খবর আমরা লক্ষ্য করেছি। দুটি সেতুই 1960 সাল থেকে বেআইনি ভাবে চিনের দ্বারা অধিকার করে রাখা এলাকার মধ্যে হয়েছে। না আমরা আমাদের ভূখন্ডকে এই রকম ভাবে বেআইনি অধিকার করে রাখাকে কখনোই মেনে নিয়েছি, না আমরা চিন দ্বারা এই ধরনের নির্মাণ কাজের অন্যায্য দাবিকে মেনে নিয়েছি। আমরা বিভিন্ন সময়ে পরিস্কার করে জানিয়ে দিয়েছি যে, কেন্দ্র শাসিত অঞ্চল জম্মু কাশ্মীর এবং লাদাখ ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ এবং আমাদের আশা যে অন্যান্য দেশগুলিও ভারতের সার্বভৌমতা ও ভূখন্ডের অখন্ডতার প্রতি সম্মান প্রদর্শন করুক।

রাষ্ট্রের সুরক্ষা স্বার্থ সম্পূর্ণভাবে সুরক্ষিত রাখার উদ্দেশ্যে বিশেষত 2014 সাল থেকে সরকার সীমান্ত পরিকাঠামো বিকাশের উপরে জোর দিয়েছে। এর মধ্যে রয়েছে সড়ক, সেতু ইত্যাদি নির্মাণ। সরকার শুধুমাত্র ভারতের কৌশলগত এবং সুরক্ষার প্রয়োজন মেটানোর জন্যই নয় তার সাথে এই সকল এলাকার অর্থনৈতিক উন্নয়নের জন্যেও সীমান্ত বরাবর পরিকাঠামো তৈরির লক্ষ্যে অঙ্গিকার বদ্ধ। এবং অবশ্যভাবেই যেগুলি ভারতের নিরাপত্তার উপরে বোঝা হয়ে উঠতে পারে সরকার সেই সকল রকমের ঘটনাবলীর উপরে নিয়মিত নজর রেখে চলেছে, এবং দেশের সার্বভৌমত্ব ও আঞ্চলিক অখন্ডতাকে সুরক্ষিত রাখার জন্য সকল রকমের প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে।"

নিউ দিল্লি

মে 20, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.